গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১২৫

**খাদ্য উপদেষ্টা আগামীকাল রাজশাহী আসছেন**

রাজশাহী, ১০ কার্তিক (২৬ অক্টোবর):

খাদ্য ও ভূমি উপদেষ্টা আলী ইমাম মজুমদার আগামীকাল সোমবার (২৭ অক্টোবর) একদিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। তিনি সকাল পৌনে দশটায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

সফরসূচি অনুযায়ী বেলা এগারোটায় উপদেষ্টা রাজশাহী সার্কিট হাউজে বিভাগের খাদ্যবান্ধব কর্মসূচি এবং আগামী বছরের আমন সংগ্রহের লক্ষ্যমাত্রা নিয়ে বিভাগীয় কমিশনার, বিভাগের সকল জেলা প্রশাসক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের সাথে মতবিনিময় করবেন।

ওইদিন বিকাল সোয়া পাঁচটায় তিনি বিমানযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

........................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৩.১০ ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd